কালের কণ্ঠ

তারিখ 29.III.2017
পৃষ্ঠা ২ কলাম ১

# রাষ্ট্রপতি পদক পাচ্ছেন চবির ৩৩ শিক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৩৩ শিক্ষার্থী রাষ্ট্রপতি পদক পাচ্ছেন। আগামীকাল রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদ মিলনায়তনে বিজয়ীদের হাতে এ পুরস্কার তুলে দেওয়া হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথি থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানায়, বিশ্ববিদ্যালয়ে ২০০৯ থেকে ২০১৬ সাল পর্যন্ত বাংলা ও ইংরেজি রচনা প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থান অর্জনকারী ৩৩ শিক্ষার্থীকে এই পদক দেওয়া হবে। তাঁদের মধ্যে প্রথম স্থান অর্জনকারী ১৭ শিক্ষার্থী পাবেন স্বর্ণপদক। দ্বিতীয় স্থান অর্জনকারী ১৬ জনকে দেওয়া হবে সম্মানসূচক পদক।

২০১৬ সালে বাংলা রচনা প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী সুমন হোসাইন কালের কণ্ঠকে বলেন, 'যখন প্রতিযোগিতায় অংশ নিই তখন বুঝতে পারিনি এরকম একটি সম্মানজনক পদকের জন্য নির্বাচিত হব। কিন্তু এখন পদক হাতে নেওয়ার সময় যত কাছে আসছে, ততই আনন্দ লাগছে। এ ধরনের প্রতিযোগিতার সুযোগ করে দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয়কে সাধুবাদ জানাই।'